

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৮৭৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যে সালাতের বিবরণ দিলাম, সেই সালাত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যেই জায়গায় আদায় করেছেন, তার বিবরণ

ذِكْرُ الْمَوْضِعِ الَّذِي صَلَّى فِيهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْخَوْفِ الَّتِي ذَكَرْنَاهَا

আরবী

2873 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُوْفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا عَفَّانُ قَالَ: حَدَّثَنَا أَبَانُ بْنُ يُزَيْدٍ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: أَقْبَلْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى إِذَا كُنَّا بِذَاتِ الرِّقَاعِ نُودِي: الصَّلَاةُ جَامِعَةٌ فَصَلَّى بِطَائِفَةٍ رَكَعَتَيْنِ ثُمَّ تَأَخَّرُوا وَصَلَّى بِالطَّائِفَةِ الْأُخْرَى رَكَعَتَيْنِ فَكَانَتْ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرْبَعُ رَكَعَاتٍ وَلِلْقَوْمِ رَكَعَتَانِ.

الراوي : جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2873 | خلاصة حكم المحدث: صحيح: م (2/ 204).

বাংলা

২৮৭৩. জাবির বিন আব্দুল্লাহ রাঈয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে আগমন করি। অতঃপর যখন আমরা যাতুর রিকা নামক জায়গায় আসি, তখন ঘোষণা দেওয়া হয়, الصَّلَاةُ جَامِعَةٌ (জামা‘আতে সালাত অনুষ্ঠিত হবে)। তারপর তিনি একদলকে নিয়ে দুই রাকা‘আত সালাত আদায় করেন। তারপর তারা চলে যান। অতঃপর তিনি আরেক দলকে নিয়ে দুই রাকা‘আত সালাত আদায় করেন। ফলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চার রাকা‘আত আর সাহাবীদের দুই রাকা‘আত সালাত হয়।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪৬৪-৪৬৫; সহীহুল বুখারী: ৪১৩৬; সহীহ মুসলিম: ৮৪৩; মুসনাদ আহমাদ: ৩/৩৬৪; বাগাবী: ১০৯৫; সুনান বাইহাকী: ৩/২৫৯; তাহাবী: ১/৩১৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৫৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১১৬৪)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92203>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন